



উপজেলা মৎস্য দপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ এর জানুয়ারি ২০২২ খ্রি. হতে মার্চ ২০২২ খ্রি. পর্যন্ত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ শামীম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ।

স্থান : অফিস কক্ষ, বেলকুচি, সিরাজগঞ্জ।

তারিখ : ২৫/০৩/২০২২ খ্রি.

সময় : বেলা ১০.৩০ ঘটিকা।

(সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দেখানো হলো)

অদ্য ২৫/০৩/২২ তারিখে জনাব মোঃ শামীম রেজা, উপজেলা মৎস্য কর্মকর্তা, বেলকুচি, সিরাজগঞ্জ। সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ আব্দুস সালাম, সম্প্রসারণ কর্মকর্তা (এনএটিপি-২) ২০২১-২০২২ অর্থ বৎসরের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের ৩য় ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত এজেন্ডা ভিত্তিক আলোচনা করার জন্য সকলকে অনুরোধ জানান।


আলোচ্য বিষয়সমূহঃ

- ১। কর্মবন্টন অনুযায়ী দায়িত্ব পালন;
- ২। অফিসে নিয়মিত উপস্থিতি;
- ৩। অফিসের ব্যয় ব্যবস্থাপনায় সর্বদা স্বচ্ছতা বজায় রাখা;
- ৪। সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়

ক্র: নং	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	কর্মবন্টন অনুযায়ী দায়িত্ব পালন অত্র দপ্তরে কর্মবন্টন থাকার আবশ্যিকীয়তা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অত্র দপ্তরে সকলের জন্য সুনির্দিষ্ট কর্মবন্টন থাকতে হবে। কর্মবন্টন অনুযায়ী দায়িত্ব পালনে সচেষ্ট থাকতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
০২.	অফিসে নিয়মিত উপস্থিতি	নিয়মিত উপস্থিতি বিধিমালা, ১৯৮২ সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সকল দপ্তরে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা
০৩.	অফিসের ব্যয় ব্যবস্থাপনায় সর্বদা স্বচ্ছতা বজায় রাখা।	অফিসের বিভিন্ন ধরনের ব্যয় ব্যবস্থাপনায় কর্মকর্তাসহ সকল কর্মচারীদের সর্বদা স্বচ্ছতা বজায় রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।	উপজেলা মৎস্য কর্মকর্তা
০৪.	সরকারী সম্পদ ও জানমালের নিরাপত্তা বিধান নিশ্চিতকরণ অফিস কর্মকর্তা/কর্মচারী সম্পদের নিরাপত্তা বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	অফিসের সরকারী সম্পদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। আগুনের হাত থেকে রক্ষার জন্য অগ্নি-নির্বাপক যন্ত্রপাতি স্থাপন করতে হবে। নিরাপত্তা নিশ্চিতের জন্য অফিসে অফিসের নিরাপত্তা কর্মীদের সক্রিয় রাখা এবং প্রয়োজনে আইন শৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সাথে সুসম্পর্ক বজায় রাখার মাধ্যমে তাদের সেবা কাজে লাগাতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৫.০৩.২০২২

(মোঃ শামীম রেজা)
উপজেলা মৎস্য কর্মকর্তা
বেলকুচি, সিরাজগঞ্জ।

সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণের সভা

স্থান: উপজেলা মৎস্য দপ্তর, বেলকুচি, সিরাজগঞ্জ।

ক্র: নং	নাম	পদবী	কর্মস্থল	স্বাক্ষর
০১	শ্রী: মাহিনুর হান্নান	সহকারী স্বাক্ষর (NATPE)	বেলকুচি	
০২	শ্রী: রফিকুল হক মন্ডল	অতিরিক্ত স্বাক্ষর	বেলকুচি	
০৩	আমল আমিন	আমল স্বাক্ষর	বেলকুচি	আমল আমিন
০৪	শ্রী: আব্দুল হান্নান	FA (NATPE)	বেলকুচি	